# উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২-৬৯৫ (৪০)

তারিখ ঃ ০৪ জ্যৈষ্ঠ ১৪৩২।
১৮ মে ২০২৫।

বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ২২ মে, ২০২৫ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের মে, ২০২৫ মাসের মাসিক সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ২১-০৫-২০২৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার।
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৬) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) চেয়ারম্যান, ........................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) জনাব......................................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২-৬৯৫ (৪০)/১(৪)

তারিখ ঃ ০৪ জ্যৈষ্ঠ ১৪৩২।
১৮ মে ২০২৫।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ**

১। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।
৪। অফিস নথি।

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার।
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

# উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : মে, ২০২৫ সভার তারিখ: ২২/০৫/২০২৫, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৩ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01745763080 | uaofulkuri@gmail.com | |
| ৪ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01932460103 | hafezsao10@gmail.com | |
| ৬ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01708161639 | | |
| ৭ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01718996474 | ueofulkuri@gmail.com | |
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01711-155694 | useofulbarikurigram@gmail.com | |
| ৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01722940783 | jamalmu2684@gmail.com | |
| ১০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01723321723 | piofulbari23@gmail.com | |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01728-463377 | auwal3377@gmail.com | |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ১৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01724913930 | uwaofulkuri@gmail.com | |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01717413762 | | |
| ১৬ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01710425104 | | |
| ১৭ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01773139 044 | | |

## উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : মে, ২০২৫ সভার তারিখ: ২২/০৫/২০২৫, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ০১৭১৭৬৭৭১৫০ | | |
| ৪ | প্যানেল চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01723656875 | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |

# উপজেলা পরিষদ
## ফুলবাড়ী, কুড়িগ্রাম।
### **<u>মে, ২০২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী</u>**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | রেহেনুমা তারান্নুম<br>প্রশাসক, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| তারিখ | ঃ | ২২ মে, ২০২৫। |
| সময় | ঃ | বেলা ১১.০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি জনাব রেহেনুমা তারান্নুম, প্রশাসক,উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**<u>আলোচ্য বিষয়- (বিভাগীয় কার্যাবলী)</u>** আলোচনা :

<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>উপজেলা প্রাণি সম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। দুধ, ডিম, মাংসের বাজার নিয়ন্ত্রণ রোধে প্রতিনিয়ত বাজার মনিটরিং চলমান রয়েছে। তিনি তাঁর দপ্তর কর্তৃক পরিচালিত এপ্রিল, ২০২৫ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২৯৫২টি</td></tr>
<tr><td>২</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১৪০৬৭টি</td></tr>
<tr><td>৩</td><td>গবাদি পশুর টিকা প্রদান (সংখ্যা)</td><td>১১২ টি</td></tr>
<tr><td>৪</td><td>হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)</td><td>৭০০০০টি</td></tr>
<tr><td>৫</td><td>গবাদি পশুর কৃত্রিম প্রজনন</td><td>৪৫০টি</td></tr>
<tr><td>৬</td><td>শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>১৯৭ টি</td></tr>
<tr><td>৭</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০৩টি</td></tr>
<tr><td>৮</td><td>উঠান বৈঠকে অংশগ্রহণকারীর সংখ্যা</td><td>৭৫ জন</td></tr>
<tr><td>০৯</td><td>উন্নত জাতের ঘাষ চাষ কার্যক্রম</td><td>২.৩৩ একর</td></tr>
<tr><td>১০</td><td>খামারী প্রশিক্ষণ প্রদান</td><td>৮০ জন</td></tr>
<tr><td>১১</td><td>খামার/ফিড মিল/হ্যাচারী পরিদর্শন</td><td>১২টি</td></tr>
<tr><td>১২</td><td>পোষা প্রাণির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>০৩</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশুর অন্যান্য রোগ সম্পর্কে সজাগ থাকতে হবে এবং রোগাক্রান্ত পশু জবাই না করাসহ প্রতিনিয়ত বাজার মনিটরিং কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>উপজেলা কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান যে,<br>(ক) মাঠে দণ্ডায়মান বোরোধান প্রায় ৫০% কর্তন হয়েছে। ফলন লক্ষ্যমাত্রা অনুযায়ী বেশি হয়েছে।<br>(খ) মাঠে দণ্ডায়মান পাটসহ অন্যান্য ফসলের বর্তমান অবস্থা ভালো।<br>(গ) ডিলার পর্যায়ে রাসায়নিক সার মজুদ ও বিতরণ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এ ব্যাপারে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মাধ্যমে সার ডিলারের দোকান পরিদর্শন ও মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে।</td><td>কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মনিরটরিং কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
</table>

(চলমান পাতা/২)

উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি):

সভায় উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম জানান যে, চলমান বর্ষা মৌসুমে ফুলবাড়ী উপজেলার ফুলসাগর রাস্তা, ফুলবাড়ী আদর্শ স্কুলগামী রাস্তা, ধরলা ব্রিজগামী রাস্তা , নাওডাঙ্গা ইউপির বাবুল মাষ্টারের বাড়ী সংলগ্ন রাস্তা ও বড়ভিটা ইউপির আমসা বাজার রাস্তা ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা রয়েছে। ফলে উক্ত রাস্তাগুলি জনসাধারণের চলাচলের জন্য সচল রাখা অত্যন্ত প্রয়োজন হবে। এমতাবস্থায়, উল্লেখিত রাস্তাগুলি সংস্কার করার জন্য Geo-Bag ক্রয় করা প্রয়োজন। এই প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলীকে যথাযথভাবে প্রাক্কলন প্রস্তুত করার জন্য বলা হলে তিনি নিম্নবর্ণিত প্রাক্কলন প্রস্তুত করে সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে উহা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিল(অপ্রত্যাশিত খাত) হতে Geo-Bag জরুরীভাবে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ক্রয়ের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।

১। উপজেলার বিভিন্ন রাস্তা সংস্কারের Geo-Bag ক্রয় করণ।
বরাদ্দ টাকা=২০০০০০/-
প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ

| | | |
|---|---|---|
| ১। মো: আজগার আলী | ইউপি সদস্য(ফুলবাড়ী) | সভাপতি |
| ২। মোঃ মাসুদ আল হাসান | সমাজ সেবক | সদস্য সচিব |
| ৩। মোঃ আব্দুল মতিন মিয়া | শিক্ষক | সদস্য |
| ৪। মোঃ হাসানুর রহমান | ঈমাম | সদস্য |
| ৫। মোঃ মজিবর রহমান | বীর মুক্তিযোদ্ধা | সদস্য |

সভায় উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম আরও জানান যে, বড়ভিটা ইউপির ৭নং ওয়ার্ডের ফুলবাড়ী হতে কাঁঠালবাড়ীগামী রাস্তায় বাংলাবাজার এরশাদের বাড়ির নিকট ১টি কাঁঠের ব্রিজ নির্মাণ করা না হলে বর্ষা মৌসুমে উক্ত এলাকার জনসাধারণের চলাচল মারাত্নকভাবে বিঘ্ন হবে। এই প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলীকে যথাযথভাবে প্রাক্কলন প্রস্তুত করার জন্য বলা হলে তিনি নিম্নবর্ণিত প্রাক্কলন প্রস্তুত করে সভায় উপস্থাপন করেন। এ প্রেক্ষিতে সভায় বিস্তারিত আলোচনান্তে উহা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিল(অপ্রত্যাশিত খাত) হতে কাঁঠের ব্রিজটি জরুরীভাবে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।

২। বড়ভিটা ইউপির ৭নং ওয়ার্ডের ফুলবাড়ী হতে কাঁঠালবাড়ীগামী রাস্তায় বাংলাবাজার এরশাদের বাড়ির নিকট ১টি কাঁঠের ব্রিজ নির্মাণ ।
বরাদ্দ টাকা=১৩০০০০/-

প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ

| | | |
|---|---|---|
| ১। মোছা: জান্নতি খাতুন | ইউপি চেয়ারম্যান(ভা:প্রাপ্ত)(বড়ভিটা) | সভাপতি |
| ২। মোঃ শাহ আলম | ইউপি সদস্য | সদস্য সচিব |
| ৩। মোঃ বোস্তামী আলম | শিক্ষক | সদস্য |
| ৪। মোঃ এরশাদ আলী | গন্যমান্য | সদস্য |
| ৫। মোছা: খাদিজা বেগম | সমাজ সেবিকা | সদস্য |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মৎস্য আইন বাস্তবায়নে বিভিন্ন হাট বাজার পরিদর্শন করা হয় এবং ০১ নভেম্বর ২০২৪ হতে আগামী ৩০ জুন ২০২৫ পর্যন্ত জাটকা ইলিশ ধরা, ক্রয় এবং বাজারজাতকরণ নিষিদ্ধ। মৎস্য চাষির পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান চলমান রয়েছে। | সভায় আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রমসহ মৎস্য সম্পদের উন্নয়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। In-house Training of Teachers (IHT) কার্যক্রম চলমান।<br>৩। Head/Assistant Head of Institues Training (HIT-AHIT) কার্যক্রম চলমান।<br>৪। আসন্ন এইচএসসি পারিক্ষার প্রশ্নপত্র আনয়ন ও থানা লকারে সংরক্ষন কার্যক্রম চলমান।<br>৫। সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতাভুক্ত উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের মোবাইল ব্যাংকিং একাউন্ট নগদে রুপান্তর কার্যক্রম চলমান।<br>৬। সেরা সাঁতারুর খোঁজে বাংলাদেশ-২০২৫ শীর্ষক সুইমার ট্যালেন্ট হান্ট কার্যক্রম চলমান।<br>৭। প্রতিভাবান ক্ষুদে ক্রিকেটারদের সন্ধানে (পিকেসিএসবিডি) ক্রিকেট ট্যালেন্ট হান্ট- ২য় পর্ব বাস্তবায়ন কার্যক্রম চলমান।<br>৮। প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য শিক্ষকগণের এ্যানড্রয়েড সেটে e-mail ও facebook, WhatsApp এর মাধ্যমে "ফুলবাড়ী কুড়িগ্রাম শিক্ষা পরিবার" গ্রুপ থেকে তথ্য আদান প্রদান চলমান। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তাঁর দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়িত হয়েছে :<br>১। সাবক্লাস্টার প্রশিক্ষণ চলতি অর্থবছরে ২৩/০৫/২৫ খ্রিঃ থেকে শুরু হবে।<br>২। রুটিন মেইনটেইনেন্স,ওয়াশব্লক ওস্লিপকাজের ২য় কিস্তির অর্থছাড়করণ। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভিন্ন প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। গত মাসে ৮৬,০০০/- টাকা ঋণ আদায় হয়েছে। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ প্রদান কার্যক্রম চালু রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৪)

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে:<br>০১। (ক) এপ্রিল, ২০২৫ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতের আওতায় ৮৫৫ জনকে ১,৮১,৮৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) এপ্রিল, ২০২৫ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮২৫৪ জনকে ১৭,৭৩,৬৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) এপ্রিল, ২০২৫ পর্যন্ত উত্তরবঙ্গ ২য় পর্ব প্রকল্পের আওতায় ৩৬২ জনকে ১,০৭,৭৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>২। এপ্রিল, ২০২৫ পর্যন্ত ৮৭০৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৩। ঋণ আদায়ের হার আত্মকর্ম-৯০%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৮৮% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>১। ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের সঞ্চয়ের অর্থ ফেরত প্রদান কার্যক্রম চলমান রয়েছে এবং ২০২৫-২০২৬ চক্রের ভিডব্লিউবি কার্যক্রমের অনলাইনের আবেদন প্রক্রিয়াধীন রয়েছে।<br>২। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “মা ও শিশু সহায়তা” কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে অনলাইনে আবেদন চলমান রয়েছে (প্রতি ইউনিয়ন প্রতিমাসে ০৯ জন করে উপকারভোগী নির্বাচন করা হয়)।<br>৩। অত্র কার্যালয়ে রাজস্ব ডব্লিউটিসি (সেলাই প্রশিক্ষণ) চলমান রয়েছে (এপ্রিল/২০২৫ হতে জুন/২০২৫ পর্যন্ত ২য় ব্যাচে ৩০ জন করে প্রশিক্ষণার্থী চূড়ান্ত করা হয়েছে।<br>৪। অত্র উপজেলায় ৬টি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। উক্ত ৬টি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ জন সদস্য রয়েছে। | সভায় আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্তকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা, ফুলবাড়ী, কুড়িগ্রাম |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যাবলীসহ গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা, সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | উপজেলা সমবায় কর্মকর্তাকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৫)

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ | জনাব মোঃ হারুন অর রশিদ, চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, তার ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধন এর কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | আলোচনান্তে ফুলবাড়ী ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ | জনাব মো: হাছেন আলী, চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন মৃত্যু এর কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | আলোচনান্তে নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, নাওডাঙ্গা, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ | জনাব মো: শরীফুল আলম মিয়া, চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত না থাকায় তাঁর পরিষদ কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | চেয়ারম্যান শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১। ইউপি চেয়ারম্যান, শিমুলবাড়ী, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ | জনাব মো: মোহাম্মদ আলী শেখ, চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত না থাকায় তাঁর পরিষদ কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | চেয়ারম্যান ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১। ইউপি চেয়ারম্যান, ভাঙ্গামোড়, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| কাশিপুর ইউনিয়ন পরিষদ | জনাব মোঃ মনিরুজ্জামান মিয়া, চেয়ারম্যান, কাশিপুর ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, তার ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধন এর কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | আলোচনান্তে কাশিপুর ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, কাশিপুর, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| বড়ভিটা ইউনিয়ন পরিষদ | প্যানেল চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, তার ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধন এর কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | আলোচনান্তে বড়ভিটা ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। ইউপি প্যানেল চেয়ারম্যান, বড়ভিটা, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| উপজেলা পরিষদের বিবিধ আলোচনা | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ক্যাম্পাস, উপজেলা পরিষদ হলরুম, আনসার সেডে ব্যবহৃত মে/২০২৫ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ = ১৮,১৫৭/- (আঠারো হাজার একশত সাতান্ন) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় আলোচনান্তে উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ক্যাম্পাস, উপজেলা পরিষদ হলরুম, আনসার সেডে ব্যবহৃত মে/২০২৫ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ= ১৮,১৫৭/- (আঠারো হাজার একশত সাতান্ন) টাকার বিল পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(রেহেনুমা তারান্নুম)
সভাপতি
মাসিক সাধারণ সভা
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
www.phulbari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭. ৪৯১৮.০০০.০৩.০ ০১. ২৩- ৭২২ | ১১ জ্যৈষ্ঠ ১৪৩২।
তারিখ ঃ | ২৫ মে ২০২৫।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব, ............................................................................, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৮। উপজেলা.....................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। জনাব................................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। নোটিশ বোর্ড।
১২। অফিস নথি।

২৫/০৫/২৫

(রেহেনুমা তারান্নুম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০২৫৮৯৯-৫৩৪১১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd

Ahmad
২৫/০৫/২৫